জনকণ্ঠ

তারিখ NOV. ০৯ 2006

পৃষ্ঠা ১২ কলাম ৬

২১

# [illegible]
# ধরে রাখা যাচ্ছে না, ড্রপ আউটের হার ৪৫ শতাংশ

**স্টাফ রিপোর্টার ॥** ভর্তি সংখ্যা বাড়লে দেশের প্রাইমারী স্কুলগুলোতে শিক্ষার্থী ধরে রাখা যাচ্ছে না। এখন পর্যন্ত প্রাইমারী স্কু থেকে ছাত্রছাত্রী ঝরে পড়া বা ড্রপ আউটে হার ৪৫ শতাংশ। রয়েছে শিক্ষক ঘাটতি প্রয়োজনের তুলনায় প্রাইমারী স্কুলে ২ লা ৪৬ হাজার ৮৮৩ জন শিক্ষক ঘাটতি রয়েছে। শিক্ষক ছাড়াও সরকারি হাসপাতালে ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীর মারাত্মক অভাবজনিত কারণে বিশ্বের শীর্ তিনটি দেশের একটি হিসাবে স্থান পেয়েছে বাংলাদেশ।

বুধবার অক্সফাম জিবি এবং ঢাক বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ

*(৩ পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)*

---

**প্রাইমারী** *(১২-এর পাতার পর)*

আয়োজিত দক্ষিণ এশিয়ার প্রয়োজনীয় সেবা প্রদানে সরকার ও দাতাগোষ্ঠীর করণীয় শীর্ষক 'সার্ভ দ্য এ্যাসেনশিয়ালস' প্রতিবেদন প্রকাশকালে এ তথ্য তুলে ধরা হয়। আগারগাঁওস্থ এলজিইডি ভবনে এ জরিপ প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল, বাংলাদেশের (টিআইবি) চেয়ারম্যান অধ্যাপক মোজাফফর আহমদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ড. সৈয়দ মাহবুবুল আলম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. মাহবুবা নাসরীন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন অক্সফাম জিবি কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ অনিল পি টাম্বে এবং প্রকাশিত প্রতিবেদনটি রিভিউ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান ড. এ কিউএম মাহবুব।

প্রতিবেদনে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মৌলিক সেবা চিত্র তুলে ধরে বলা হয়—দক্ষিণ এশিয়া বৈপরীত্যের সমাহার।